

**বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট**  
**পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগ**

**ভিশন**

বাংলাদেশ চা শিল্পের উৎপাদন, উন্নয়ন, সম্প্রসারণ, অর্থনীতি ও বানিজ্য সংক্রান্ত পরিসংখ্যানিক তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং বিজ্ঞান ভিত্তিক বিশ্লেষণ এর মাধ্যমে সাম্প্রতিক ডাটাবেজ তৈরী করে চা শিল্পের টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োগ করা।

**মিশন**

পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত হালনাগাদ রাখা ও বিজ্ঞানভিত্তিক অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে চা শিল্পের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখা।

**কার্যাবলী**

চায়ের উৎপাদন, গবেষণা, সম্প্রসারণ ও লাভজনক অর্থনৈতিক বিশ্লেষণে পরিসংখ্যানিক তথ্য উপাত্ত প্রয়োগ করা বিটিআরআই এর পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের উদ্দেশ্য। বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ:

১. মাসিক ও বাৎসরিক পরিসংখ্যান বুলেটিন তৈরী ও সংরক্ষণ।
২. বিভিন্ন চা বাগানের মাসিক রিপোর্ট, রেইনফল ইত্যাদি ডাটা সংরক্ষণ ও কমপাইল করা।
৩. চা উৎপাদনে পরিষ্কণ ফার্মসহ বিটিআরআই এর সমগ্র ভূমি ব্যবহার, বীজ ও চা জাবরা সংক্রান্ত বাৎসরিক রিপোর্ট ডাটা তৈরী এবং বিটিবি ও বিসিএস এ প্রেরণ।
৪. শ্রম ও শ্রম মজুরী সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও হালনাগাদ রাখা।
৫. চায়ের উৎপাদন ব্যয় নির্ধারণ ও হালনাগাদ করা।
৬. গবেষণা পরিষ্কণ সমূহের অর্থনৈতিক বিশ্লেষণ এবং টেকনোলজি সম্প্রসারণ সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।
৭. চা শিল্পের শ্রমিক ও আর্থসামাজিক অবস্থা বিষয়ক তথ্য সংগ্রহ।
৮. ক্ষুদ্র চা শিল্পের সম্প্রসারণ ও ক্ষুদ্র চা চাষীদের অর্থনৈতিক সক্ষমতা বিশ্লেষণ।
৯. উত্তরাঞ্চলে চা চাষ সম্প্রসারণে অর্থনৈতিক সমীক্ষা ও উপযোগিতা যাচাই।

**চলমান গবেষণা কার্যক্রম**

১. চা উৎপাদনে বিটিআরআই উদ্ভাবিত ক্রোনগুলোর লাভজনক অর্থনৈতিক সক্ষমতা যাচাই।
২. বাংলাদেশ চা শিল্পে বিটিআরআই উদ্ভাবিত টেকনোলজি সমূহের অভিযোজন ও সম্প্রসারণের অবস্থা নিরূপণ।
৩. বিভিন্ন বাগানের চা ফ্যাক্টরী গুলোর অর্থনৈতিক সক্ষমতা যাচাই।

**পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের অর্জনসমূহ**

- সিলেট ও চট্টগ্রাম এবং পঞ্চগড় চা আবাদি এলাকার জন্য কেজি প্রতি সবুজ পাতার উৎপাদন ব্যয় এবং কেজি প্রতি সবুজ পাতার মূল্য নির্ধারণ।
- বিটিআরআই এর ২০১৬ সালের সিওপি ও বেনিফিট কস্ট রেশিও (বিসিআর) নির্ধারণ।
- কেজি প্রতি চা উৎপাদনে ব্যয় নির্ধারণ।
- বাংলাদেশের চা উৎপাদন, সম্প্রসারণ, অর্থনীতি ও বানিজ্য সংক্রান্ত মাসিক ও বাৎসরিক হালনাগাদ ডাটাবেজ তৈরী।
- চা শ্রমিকদের আর্থসামাজিক প্রেক্ষাপটে কর্মদক্ষতার অবস্থা সংক্রান্ত ডাটাবেজ তৈরী।

### ভবিষ্যৎ পরিকল্পনা

চা শিল্পের অর্থনৈতিক ও পরিসংখ্যানিক তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণ এবং বিশ্লেষণের মাধ্যমে লাভজনক চা চাষাবাদ নিশ্চিত হুমিকা রাখা।

### পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের জনবল

রিসোর্স পার্সোনেল	অনুমোদিত পোস্ট	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	০১	-	০১
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	০১	০১	-
বৈজ্ঞানিক কর্মকর্তা	০১	-	০১
সাপোর্ট সার্ভিস:			
পরিসংখ্যান সহকারী	০১	-	০১
অফিস সহায়ক	০১	০১	-

(সীমাবদ্ধতা: পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগে বৈজ্ঞানিক ও টেকনিশিয়ান পদগুলো দীর্ঘদিন শূন্য থাকায় গবেষণা কর্মকাণ্ড গুলি সাময়িকভাবে বন্ধ ছিল।)